দৈনিক বাংলা

তারিখ 20 NOV 1987
পৃষ্ঠা 7/9 কলাম

047

# ৬ হাজার পরীক্ষার্থীর স্থগিত ফল এক মাস পরেও প্রকাশ হয়নি

(নিজস্ব সংবাদদাতা)

চাঁপাইনওয়াবগঞ্জ, ১৮ই নবেম্বর।—রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ১৯৮৭ সালে গৃহীত এইচএসসি পরীক্ষার ৬ হাজার পরীক্ষার্থীর ফল স্থগিত রাখা হয়েছে। এক মাস গত হয়ে গেলেও এ ব্যাপারে কোন সিদ্ধান্ত নেয়া হয়নি। বিভিন্ন পরীক্ষা কেন্দ্রের অনুমোদনের ব্যাপারে অনিয়ম থাকার কারণে ঐ পরীক্ষার ফল স্থগিত রাখা হয়েছে।

সিরাজগঞ্জের শাহজাদপুর উপজেলার জামিরতা কলেজ কেন্দ্রের ৭৭২ জন পরীক্ষার্থীর ফল প্রকাশ করা হয়নি। এই কলেজ কেন্দ্র সম্পর্কে অভিযোগ রয়েছে। এই কলেজে পরীক্ষার্থী ছাত্রছাত্রীরা কবে ভর্তি হল তা বোর্ড দেখতে চেয়েছে। কিন্তু কলেজ কর্তৃপক্ষ আজ পর্যন্ত তা দেখাতে পারেনি। আরও অনেক কেন্দ্র সম্পর্কে এ ধরনেরই বিভিন্ন অভিযোগ আছে। এই সব অনিয়মের কারণে স্থগিত পরীক্ষার্থীদের সংখ্যা দাঁড়ায় ছয় হাজারে যা বোর্ডের ইতিহাসে কোনদিন ঘটেনি। এখানে উল্লেখ্য যে তৎকালীন সময়ে যে কর্মকর্তার আশীর্বাদে পরীক্ষা কেন্দ্র স্থাপিত হয়েছিল সেই কর্মকর্তা এখন অবসর জীবনযাপন করছেন।

এদিকে, বোর্ডের নতুন চেয়ারম্যান প্রায় এক মাস পূর্বে নিযুক্তি পেলেও অনুপস্থিত রয়েছেন। তার অনুপস্থিতির কারণে কর্তৃপক্ষ কোন সিদ্ধান্ত নিতে পারছে না। পরীক্ষা কেন্দ্রের অনিয়মের কারণে যে ছয় হাজার পরীক্ষার্থীর ফল স্থগিত রয়েছে তার সঠিক তদন্ত হলে বোর্ডের বেশ কিছু কর্মচারীদের কাঠগড়ায় দাঁড়াতে হবে। এই ব্যাপারে কোন তদন্ত না করে ধামাচাপা দেবার চেষ্টা করা হচ্ছে।